এই প্রশ্নপত্রটিতে 30 টি প্রশ্ন [ বিভাগ-ক (20) + বিভাগ -খ (5) বিভাগ -গ (5) ] এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে ।

**Sl. No.**

রোল নং | | | | | | | | | | | | |

কোড নং **60/SS/A/B**

সেট **A**

# বাংলা
# (303)

পরিক্ষার দিন ও তারিখ ______________________

তত্বাবধানকারীদের স্বাক্ষর **1.** ______________________

**2.** ______________________

---

সাধালণ নির্দেশাবলী :

**1.** পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন ।

**2.** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রতম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না । একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আথে কি না ।

**3.** উত্তর -পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে ।

**4.** আপনার প্রশ্নপত্রের কোড নং 60/SS/A/B এবং সেট-A টি উত্তর পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন ।



UNNATI EDUCATIONS
9899436384, 9654279279

# বাংলা
# (303)

সময় : 3 ঘন্টা ] [ পুর্ণমান **100**

দ্রষ্টব্য : (i) এই প্রশ্নপত্রের ক,খ,এবংগ তিনটি বিভাগ আছে

(ii) বিভাগ -“ক” এর সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক ।

(iii) বিভাগ -“খ”এব “গ এর যে কোনো একটি বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে ।

(iv) বিভাগ -“ক” এর মান 85 এবং বিভাগ -“খ”অথবা বিভাগ -“গ” এর মান 15

## আবশ্যিক বিষয়
## বিভাগ-ক

**1.** (a) নিচের কাব্যাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **[4]**

“কর্মফুলী ধলেশ্বরী পদ্মা জলঙ্গীরে দেয় অবিরল জল :
সেইস্থানে শঙখচিল পানের বনের মতো হাওয়ায় চঞ্চল,
সেইস্থানে লক্ষীপেঁচা ধানের গন্ধের মতো অস্দুট তরুন ;”

অথবা

“যখন সাকাহল
লতুন শিক্ষার্থী লেখে তার বাল্যশিক্ষার অক্ষর ,
কাননে কুসুমকলি ফোটে , গো-রাখালের বাঁশি
হাওয়াকে বানায় মেঠো সুর ,পুকুরে কলম ভাসে ”

(b) নীচের কবিতাংশের ভাব-সৌন্দর্য স্পষ্ট করুন : **[2]**

“সাম্যের গান গাই
আমার চোক্ষে পুরুষ -রমনী কোনো ভেদাভেদ নাই ।
বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চিরকল্যান -কর ,
অর্ধেক তার করিয়াছে নারী,অর্ধেক তার নর ।”

**2.** নীচের প্রশ্নগুলির মধ্যে দুটি প্রশ্নের উত্তর লিখুন : **[2x2=4]**

(a) “ক্লীব সে,”-ক্লীব কে ? তাকে ক্লীব কেন বলে হয়েছে ? **[2]**

(b) “তাই সে জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর” –উদ্ধৃত পুংক্তিটির লেখকের নাম কি ? কোন কবিতে থেকে নেওয়া হয়েছে ?“যা জন্মেছে” তা কবির মনে কী প্রভাব ফেলেছে ? **[2]**

(c) “কানেন কুসুমকলি ফোটে।”– উদ্ধৃত লাইনটি কোন গ্রন্থের,কোন কবিতার লাইন ? কবিতার লাইনটি কী ছিল ? **[2]**



UNNATI EDUCATIONS
9899436384, 9654279279

3. “যেই স্বামী সেই আমি নাহি ভাব ভিন ।” – উদ্ধৃত উক্তিটির বক্তা কে ? তাৎপর্য বা কী ? [2]

4. মহাকাব্য কয়টি ভাগে বিভক্ত এবং কি কি ? বৈশিষ্ট্য সংক্ষেপে লিখুন ? [2]

5. কবি ‘চিত্রকল্প’ ব্যবহার কার কীভাবে কবিতার ভিতর প্রবেশ ঘটান পাঠককে ? [2]

6. কবিতাংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : [4x1=4]

"এল ওরা লোহার হাতকড়ি নিয়ে ,
নখ জাতের তীক্ষ্ণ তোমার নেকড়ের চেয়ে ,
এল মানুষ ধরার দল ।
গর্বে যারা অন্ধ তোমার সুর্য হারা অরন্যের চেয়ে ।"

(a) ‘হাতকরি নিয়ে ধরতে এসেছিল কেন ? [1]

(b) নেকরের নখের চেয়ে ওদের নখ তীক্ষ্ণ- এই কথা বলার মধ্য দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন ?[1]

(c) মানুষ ধরে কী করার বাসনা আছে ? [1]

(d) উদ্ধৃত চিত্রকল্পের মধ্যে কী গর্ব আছে বলে মনে হয়, ব্যাখা করুন ? [1]

7. নীচের গদ্যের সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন : [6]

“কো-পাইলট টান্ডনকে তখন শেষ বিদায় জানিয়ে বলেছিলেন : -This is the end ।”

অথবা

“শিউনন্দর জলের কল ছুয়েছিল বলে তাকে অনেক অপমান সহ্য করতে হয়েছিল - কারণ নীচুজাতের জলের কল ছোঁয়া উচিত হয়নি ।”

8. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : [2+2+2+1=7]

(a) পাইকাদের দল চিৎকার করে বাঁশের লাঠি দিয়ে কাদের অবিশান্ত্র ভাবে পেটাচ্ছে ? কেন তাদের এভাবে পেটাছে ? [2]

(b) “বাঁচালেন মোকে”এই উক্তিটি কার সম্পর্কে বলেছিল? তিনি কি ভাবে বাচালেন ? [2]

(c) “ এদের সহ্যের অতীত”–বিষয়টি কী ? [2]

(d) “এদের দুজনকেই স্টেচারে করে নিয়ে যাওয়া হল ” – কাদের নিয়ে যাওয়া হয়েছিল ? [1]

9. যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : [2]

(a) “আমার এই দরিদ্র চাষী প্রজাগুলোকে দেখলে আমার ভারী মায়া করে” – লেখকের কেন এমন মনে হয় ?

(b) “এঁকে চোখে চোখে রাখতে এত বড় গভর্নমেন্ট যেন হিমসিম খেয়ে গেল” –“ হিমসিম” বলতে কী বোঝান হয়েছে ?



UNNATI EDUCATIONS
9899436384, 9654279279

**10.** অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **[4×1=4]**

"পাচিল তুলতে গিয়ে আবার এক গেরো ,তবে সেটাও কিছু অভিনব নয় ,পুরনো,চার-পাঁচটা ছেলে এসে বলল, কনস্টাকশনের যত মালমশলা আমরাই সাপ্লাই করব কাকু ,আমরা পাড়ার বেকার ছেলে ।"

(a) অভিনব নয় বলতে কী বোঝাতে চেয়েছেন ? **[1]**

(b) ছেলেদের কথা বলার মধ্যে কিসের ইঙ্গিত বহন করে ? **[1]**

(c) বেকার বলতে কী বোঝাতে চাইছে ? **[1]**

(d) পাঁচিল তুলতে গিয়ে কোথা ও কী গেরো আলগা হয়েছে বলে আপনার মনে হয় ? যদি না হয় কারন দেখান । **[1]**

**11.** "অরন্যক" উপন্যাসে সত্যচরনের কলকাতার জীবন এবং চাকুরীর স্থলের জীবনর পার্থক্য নিরুপন করুন? **[4]**

অথবা

"একদিনের কথা জীবনে কখন ও ভুলিব না" – ভুলে না যাওয়ার কারন বর্ণনা করুন ?

**12.** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন **[4×1=4]**

(a) কাছরীতে কথাটি তখনই কেন রাস্ট্র হয়ে লিখেছিল ? **[1]**

(b) বুনো মহিষের হাতে পড়লে রক্ষা নেই কেন ? **[1]**

(c) "দু-তিনটি বন্দুক ও ছিল" - কবে এবং কেন এদের সঙ্গে নিয়ে গিয়েছিলেন ? **[1]**

(d) বৈশাখের পর পথহারা পথিকদের অবস্থা কেমন দাড়ায় ? **[1]**

**13.** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **[5×2=10]**

(a) যে কোন দুটি শব্দের প্রত্যয় ভেঙে দেখান : **[2]**

(i) করনীয়

(ii) যথোক্ত

(iii) নারায়ন

(iv) বর্ধিষ্ণু

(b) ব্যসবাক্যগুলিকে সমাস বদ্ধ করুন : **[2]**

(i) কাজলের ন্যায় কালো

(ii) প্রানরুপ পাখি

(iii) লোক থেকে লজ্জা

(iv) মানবকে অতিক্রম করে যে



UNNATI EDUCATIONS
9899436384, 9654279279

(c) অর্থানুসারে কি জাতীয় বাক্য, তা তালিকা থেকে বেছে লিখুন : **[2]**

(বাক্য-নির্দেশক,ইচ্ছাবাচক,শর্তশাপেক্ষ,আবেগ )

(i) আমি বাড়ি যাই ............

(ii) এদেশের বুকে আঠারো আসুক নেমে ............

(iii) ছিঃ একাহ তোমার .......

(iv) যদি কথা না শুনি,তাহলে তুমি কিছুই করতে পার না ।

(d) বাংলা শব্দভান্ডারের কোন শ্রেনীর শব্দ এগুলি : **[2]**

(শব্দ-তামিল,শংকর,মারাঠি,প্রতিবেশি)

(i) চৌখ (ii) চুরুট,

(iii) কাজ-কারবার (iv) চাহিদা

(e) গঠনগত দিক দিয়ে কোনটি কী বাক্য : **[2]**

(i) শীতকালে তাঁকে রোমনগের যেতে হল ।

(ii) যখন শীতকাল তখন তাঁকে রোমনগরে যেতে হল ।

(iii) তিনি একাই পাহাড়ে উঠলেন কিন্তু তার বন্ধু পাহাড়ে উঠতে পারলেন না ।

(iv) বাড়িতে আরও জায়গা ছিল ,কিন্তু সেটা যে কোথায় তাহা আজ পর্যন্ত বাহির করতে পারি নাই।

**14.** যে কোন বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন : **[4]**

(a) বর্তমানে গনতন্ত্র চঞ্চল, তাই গনতন্ত্র যাতে সু-স্থির হয় তা জনগনকে জানিয়ে একটি প্রতিবেদন রচনা করুন ।

(b) বর্তমানে সরক দুর্ঘটনা বেড়েই চলেছে ,তা যাতে বন্ধ করা যায় প্রশাসনকে জানিয়ে -এর বিষয়ে অবলম্বন করে একটি প্রতিবেদন রচনা করুন ।

**15.** সম্প্রতি অনাবৃষ্টির জন্য ফসল হয়নি, এই বিষয়ে আপনার অভিমত ব্যাক্ত করুন । **[2]**

অথবা

আপনি সারাদিন কাজের পর বাড়ি ফিরলেন ,বাড়ি ফিরে দেখলেন সংসারে অশান্তি,শান্তি ফেরানোর জন্য আপনার কী করনীয় ।



**UNNATI EDUCATIONS**
**9899436384, 9654279279**

**16.** অঅংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **[3×1=3]**

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সুতোর কালোবাজারি চরম আকার ধারন করায় সমগ্র তাঁতিপাড়া ছিল কর্মহিন ,অন্নহীন,অনন্ত হর্দনগস্ত,কেবল উদির ঘরে তার চিহ্নমাত্র ছিল না মহাজনের দালাল ভুবন ঘোসালের স্যাহন ,ভুবন ঘোষালের রক্ষিতা উদির মিষ্টি গলা তাই স্বভাবতই তাঁতিপাড়ার মেয়ে -পুরুষের পিত্তিজ্বালানো ছিল ।

(a) 'তাঁতিরা' কর্মহীন হয়েছিল কেন **[1]**

(b) ভুবন ঘোষালের কল্যানে বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন ? **[1]**

(c) 'তাঁতিপাড়ার' মেয়ে -পুরুষের পিত্তিজ্বালানোঞ্চড্ড এই উক্তির ব্যাখ্যা দিন ? **[1]**

**17.** নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন : **[4]**

(a) হলুদবাড়ী অঞ্চলের কৃষক আছেন ৪০% ,খেত মজুর আছেন ৪০ % চাকুরিজিবি আছেন ০৫%, পড়ুয়া আছেন ১৫%, একটি পাই চার্ট (pie-chart) এর সাহায্যে বিষয়টি পরিস্ফুটন করুন ?

অথবা

(b) আপনার প্রত্যেহ বাজার থেকে আপেল ,আঙুর ,কমলালেবু কিনে যান ,কখনো কখনো এই ফল গুলির জুস (juice) ও কিনতে পাওয়া যায় ,এখন কমলালেবু কিনে তার খোসা ছাড়িয়ে তার জুস তৈরির ব্যাখ্যা করতে গেলে অনেক সময় এবং প্রচুর ব্যাখ্যার প্রয়োজন । কিন্তু সেই কাজই সহজে করা যায় একটা প্রবাহ চিত্রের সাহায্যে, একটা প্রবাহ চিত্রের সাহায্যে দেখান ।

**18.** যে কোন একটি বিষয় সমন্ধে একটি নিবন্ধ রচনা করুন : **[8]**

(a) শীতের সকাল

(b) ভারতের জাতীয় সংহতি,

(c) ছাত্রজীবনে সৌজন্য ও শিষ্ঠাচার

(d) আধুনিক জীবনে কম্পিউটার

**19.** চিঠি লেখার রিতি মেনে একটি বিষয় সমন্ধে একটি চিঠি লিখুন : **[4]**

পরিবেশ সচেতনতা নিয়ে বন্ধুর কাছে একটি চিঠি লিখুন

অথবা

সরকারি অফিসে অর্জিত দুটি মঞ্জুরের আবেদন জানিয়ে চিঠি লিখুন


UNNATI EDUCATIONS
9899436384, 9654279279

**20.** নিচের গদ্যের /অনুচ্ছেদ বা কবিতাংশ পড়ে তার সংক্ষিপ্তসার লিখুন : **[3]**

কর্ত্যব্যজ্ঞানের চরম বিকাশ ত্যাগ, সভ্যতা বিস্তারের সংঙ্গে শিক্ষাদিক্ষা ও ভাবুকতার প্রভাবে মানুষের অর্ন্তজীবন যতই সুন্দর প্রসারিত হতে লাগিল ততই তাহার ব্যাক্তিগত ক্ষুদ্র সত্তা সমষ্ঠিগত বৃহতর সত্তায় মগ্ন হ ইয়া যাইতে লাগিল ,তখন নিজের চিন্তা ছাড়িয়া পরের চিন্তা মানুষের মনে হতে লাগিল, এই ত্যাগ প্রকৃতি জাগ্রত না হয়লে আহার উপার্জন করিত না ,স্ত্রীকে কখনো নিজের সুখ স্বাচ্ছন্দ সম্পুর্নরুপে বিস্মিত হ ইয়া স্বামী সন্তাআনের মুখে আহার দিতনা, জাতির কল্যায়নের জন্য মানুষ কখনো নিজেকে কাঙ্গাল করিয়া তাহার সর্বস্ব বিসর্জন দিত না ।

অথবা

ক্ষমা যেথা ক্ষীন দুর্বলতা
হে রুদ্র, নিষ্ঠুর জেন হতে পারি তথা
তোমার আদেশে ,যেন রশনায় মম
মত বাক্যে বলি উঠে খরখড়গ মম
তোমার ইঙ্গিতে । যেন রাখি তব মান
তোমার বিচার সনে লয়ে নিজ স্থানে
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তার তৃণসম দহে।

## বিভাগ -খ
## ঐচ্ছিক বিষয়
## (পর্যটন)

**21.** পর্যটন কাকে বলে ? **[1]**

**22.** পর্যটনের বুৎপত্তিগত অর্থ কী ? **[1]**

**23.** ধর্মের উদ্দ্যেশ্য নিয়ে যদি পর্যটনে যান ,তাহলে আপনি কোন দিকগুলো বেশি গুরুত্ব দিবেন ? **[1]**

**24.** বেশি সংখ্যায় পর্যটক পাবার ক্ষেত্রে বিশেষ আকর্ষন গুলি উল্লেখ করুন ? **[5]**

**25.** আমাদের দেশে পর্যটন সমস্যা ও সমাধানের পথগুলি আপনার দৃষ্টিতে ব্যাক্ত করুন ? **[3+4 = 7]**


UNNATI EDUCATIONS
9899436384, 9654279279

## বিভাগ -গ
## ঐচ্ছিক বিষয়
## গনজ্ঞাপন

**21.** গনজ্ঞাপনএর সংঙ্গা লিখুন ? **[1]**

**22.** গনজ্ঞাপন ও গনমাধ্যম - এই দুটির মধ্যে পার্থক্য লেখো ? **[3]**

**23.** গনজ্ঞাপন কিভাবে সাধারন মানুষের ভুল ধারনা দুর করতে সাহায্য করে - তার উপর আপনার মতামত ব্যক্ত করুন ? **[3]**

**24.** চিরাচরিত গনমাধ্যম আপনি কি পছন্দ করেন ? কেন পছন্দ করেন ব্যাখ্যা করুন ? **[1 + 3 = 4]**

**25.** মুদ্রিত গনমাধ্যম কি সমাজকে এগিয়ে নিয়ে যেতে পারে বলে আপনি মনে করেন ? কেন মনে করেন বিশ্লেষন করুন ? **[4]**

⊖⊖⊖



UNNATI EDUCATIONS
9899436384, 9654279279